

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭২

তারিখঃ

০১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৯৯ তম কমিশন সভা অদ্য ১৬/১১/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অধ্যকার সভায়, JMI Hospital Requisite Mfg. Ltd এর আবেদনের প্রেক্ষিতে ৭৫ (পঁচাত্তর কোটি) টাকা বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৭৫ (পঁচাত্তর) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, দালানকোঠা নির্মাণ, ভূমি উন্নয়ন, ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV Without Revaluation) টাকা ২৭.৭৮ এবং পুনঃমূল্যায়নসহ নেট এ্যাসেটভ্যালু (NAV With Revaluation) টাকা ২৯.৯৯ এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (EPS) ২.৪২ টাকা। উল্লেখ্য যে, কোম্পানিটির পরিশোধিত মূলধন ৯০.০০ কোটি টাকা। JMI Hospital Requisite Mfg. Ltd, Cutt off price এর ২০% discount এ সাধারণ বিনিয়োগকারীর (General Investor) নিকট শেয়ার ইস্যু করবে এবং এখন থেকে ইস্যুয়ার কোম্পানি কোন ধরনের Inter company loan অনুমোদন করতে পারবে না। আরো উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Janata Capital and Investment Limited।
০২. কমিশন অধ্যকার সভায়, বে-মেয়াদি HFAML Shariah Unit Fund এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫.০০ (পঁচিশ) কোটি যার মধ্যে উদ্যোক্তা হিসেবে HF Asset Management Limited ২.৫ (দুই দশমিক পাঁচ) কোটি টাকা প্রদান করবে এবং বাকি ২২.৫ (বাইশ দশমিক পাঁচ) কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০.০০ (দশ) টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসেবে HF Asset Management Limited ও ট্রাস্টি হিসেবে Investment Corporation of Bangladesh এবং হেফাজতকারী হিসেবে কাজ করছে BRAC Bank Limited.
০৩. কমিশন অধ্যকার সভায়, বে-মেয়াদি Bangladesh RACE Management Private Company Limited এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫.০০ (পঁচিশ) কোটি যার মধ্যে উদ্যোক্তা হিসেবে Bangladesh RACE Management Private Company Limited ২.৫ (দুই দশমিক পাঁচ) কোটি টাকা প্রদান করবে এবং বাকি ২২.৫ (বাইশ দশমিক পাঁচ) কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০.০০ (দশ) টাকা। উক্ত ফান্ডে সম্পদ ব্যবস্থাপক হিসেবে Bangladesh RACE Management Private

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

Company Limited ও ট্রাস্টি হিসেবে এবং হেফাজতকারী হিসেবে কাজ করছে SENTINEL Trustee & Custodial Services Limited.

০৪. কমিশন অধ্যকার সভায়, পুঁজিবাজারে কর্মরত বাজার মধ্যস্থতাকারীদের মধ্যে প্রতি ক্যাটাগরিতে (স্টক ব্রোকার ও স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার ও সম্পদ ব্যবস্থাপক কোম্পানি) সর্বোচ্চ কর্মদক্ষ ০৩ (তিন) টি প্রতিষ্ঠানকে ২০২০ ইং থেকে ‘স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী পুরস্কার’ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৫. কমিশন অধ্যকার সভায়, Capital Market Stabilization Fund (CMSF) এর আবেদনের প্রেক্ষিতে ও সেকেন্ডারী মার্কেটে তারল্য প্রবাহ নিশ্চিতকল্পে CMSF হতে ১০০ কোটি টাকা TDR রূপে Investment Corporation of Bangladesh (ICB) এ বিনিয়োগের সিদ্ধান্ত অনুমোদন করেছে। এছাড়াও কমিশন স্বাধীনতার ৫০ বছরপূর্তি উপলক্ষে CMSF ফান্ড এর পৃষ্ঠপোষকতায় (Sponsor) ও ICB Asset Management Ltd. এর ব্যবস্থাপনায় ১০ বছর মেয়াদী ও স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত “সুবর্ণ জয়ন্তী ফান্ড” নামক মিউচুয়াল ফান্ড গঠনের অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডটিতে CMSF প্রাথমিকভাবে ৫০ কোটি টাকা স্পন্সর হিসাবে বিনিয়োগ করবে।



আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ
পরিচালক